



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

স্মারক নং- জাতীগবিঃ/পনি/তৃতীয় বর্ষ অনার্স/২০১০/২০১৩/ ৩১৮(অংশ-২)/ ১২৩৬

তারিখ : ০৮-০৮-২০১৮

বিজ্ঞপ্তি

২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষার প্রকাশিত ফলাফল এর উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য অদ্য ০৮/০৮/২০১৮ ইং তারিখ বুধবার সকাল ১০.০০ টা থেকে ৩০/০৮/২০১৮ ইং তারিখ বৃহস্পতিবার দুপুর ২:০০ টা পর্যন্ত Online এ আবেদন করা যাবে এবং ৩০/০৮/২০১৮ ইং তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

পরীক্ষার্থী নিজেই www.nu.ac.bd ওয়েব সাইটে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে Pay slip ডাউনলোড করতে পারবে। Pay slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর ০২১৮১০০০০১৩৫ উল্লেখপূর্বক টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় উপরে উল্লেখিত সময়ের মধ্যে টাকা জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। পত্র কোড যথাযথভাবে পূরণ করতে হবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং পরবর্তীতে যে কোন প্রকার উদ্ভূত জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য, উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/নম্বর যাচাই ফি প্রতি কোর্স ৮০০/- (আটশত) টাকা।

বিঃ দ্র : Pay slip ডাউনলোড করতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd থেকে Services Menu-তে গিয়ে Sonali Seba ক্লিক করে Student fee থেকে Rescruiting fee সিলেক্ট করুন। নির্দিষ্ট বর্ষ, রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Search করলে ফরম পাওয়া যাবে। উক্ত ফরমে নির্দিষ্ট বিষয় নির্বাচন করে Submit করে Pay slip প্রদর্শিত হলে তা ডাউনলোড করতে হবে।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।